আল্লাহ তা‘আলা তোমাদেরকে যেসব বিষয়ে ছাড় দিয়েছেন তা তোমাদের গ্রহণ করা উচিত।

জাবির ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এক সফরে ছিলেন; হঠাৎ তিনি লোকের জটলা এবং এক ব্যক্তিকে মানুষ ছায়া করে আছে দেখলেন। তিনি জিজ্ঞাসা করলেন, এটা কী? লোকেরা বলল, সে সাওম পালনকারী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, “সফরে সাওম
পালন করা নেকির কাজ নয়।” মুসলিমের বর্ণনায় এসেছে, “আল্লাহ তা‘আলা তোমাদেরকে যে
বিষয়ে রুখসত বা ছাড় দিয়েছেন তা তোমাদের গ্রহণ করা উচিত”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জাবির রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের বছর রামাযান মাসে এক সফরে ছিলেন। হঠাৎ তিনি লোকজনের জটলা দেখতে পেলেন এবং লক্ষ্য করলেন যে, এক ব্যক্তিকে মানুষ ছায়া করে আছে। আর সে শুয়ে আছে। যেমনটি ইবন জারীরের বর্ণনায় এসেছে। তিনি তার ব্যাপারে লোকদেরকে জিজ্ঞাসা করলেন। লোকেরা বলল, সে সাওম পালনকারী এবং তার তৃষ্ণা এ চরম পর্যায়ে পৌঁছে গেছে। তখন দয়ালু ও সম্মানিত মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সফরে সাওম পালন করা সাওয়াবের কাজ নয়। তোমাদের উচিত আল্লাহ তা‘আলা তোমাদেরকে যে ছাড় দিয়েছেন তা গ্রহণ করা। তিনি তাঁর ইবাদতের দ্বারা তোমাদের নিজেদেরকে শাস্তি দিতে চান না। তাইসীরুল আল্লাম, পৃ.৩২৭, তাম্বীহুল আফহাম, খ.৩/৪৩৪, তাসীসুল আহকাম, ৩/২৪৪

https://sunnah.global/hadeeth/bn/show/4503